

Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 20 April, 2025

কক্সবাজারের উখিয়ায় ‘চাকমা তরুণীকে ধর্ষণ চেষ্টার’ অভিযোগে এক রোহিঙ্গা যুবককে আটক করেছে পুলিশ।

রোববার সকাল সাড়ে ৯ টার দিকে উখিয়া উপজেলার পালংখালী ইউনিয়নের তেলখোলা পাহাড়ী এলাকায় এ ঘটনা ঘটে বলে জানান, উখিয়া থানার ওসি মুহাম্মদ আরিফ হোছাইন।

আটক হৈয়দুল ইসলাম (২৮) উখিয়ার ১১ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের ডি-৪ ব্লকের বাসিন্দা সুলতান আহমদের ছেলে।

ভূক্তভোগী তরুণী (৩৩) উখিয়ার পালংখালী ইউনিয়নের তেলখোলা চাকমা পাড়ার বাসিন্দা।

স্থানীয়দের বরাতে পালংখালী ইউপির ৬ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য কামাল উদ্দিন বলেন, সকালে পালংখালী ইউনিয়নের তেলখোলা চাকমা পাড়ার এক তরুণী স্থানীয় একটি কলাবাগানে কাজ করতে যাচ্ছিল। এসময় বুলেরঝিরি নামক নির্জন পাহাড়ী এলাকায় রোহিঙ্গা যুবক ওই তরুণীকে একা পেয়ে পেছন থেকে ঝাপটাইয়া ধরে। এতে ওই তরুণীর স্পর্শকাতর স্থানে হাত দিয়ে শ্লীলতাহানি করে। পরে ওই তরুণীর মুখ চেপে ধরে জোর পূর্বক পার্শ্ববর্তী কলাবাগানে নিয়ে যায়।

“ এক পর্যায়ে চাকমা তরুণীকে ধর্ষণ চেষ্টা করলে ধস্তাধস্তি হয়। এতে চাকমা তরুণীর শোর চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে রোহিঙ্গা যুবক দৌড়ে পালানোর চেষ্টা চালায়। এসময় ধাওয়া দিয়ে স্থানীয়রা ওই যুবককে আটক করতে সক্ষম হয়। “

স্থানীয় এ ইউপি সদস্য বলেন, ঘটনার ব্যাপারে স্থানীয়রা তাকে অবহিত করলে পুলিশ খবর দেওয়া হয়। পরে পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে ধৃত রোহিঙ্গা যুবককে থানায় নিয়ে যায়।

উখিয়া থানার ওসি মুহাম্মদ আরিফ হোছাইন বলেন, সকালে উখিয়ার তেলখোলা এলাকায় জনৈক চাকমা তরুণীকে ধর্ষণ চেষ্টার অভিযোগে এক রোহিঙ্গা যুবককে স্থানীয়রা আটক করে পুলিশকে খবর দেয়। পরে পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করে আটক যুবককে থানায় নিয়ে আসে।

ঘটনায় ভুক্তভোগী পরিবার অভিযুক্তের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে বলে জানান তিনি।

ধর্ষণ রোহিঙ্গা আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:32

URL: <https://www.timestodaybd.com/chittagong/1144872472>